কোটচাঁদপুরে গাঁজা সহ আটক ৩

ঝিনাইদহের কোটচাঁদপুরে গাঁজাসহ ৩ জনকে আটক করেছে কোটচাঁদপুর থানা পুলিশ। বৃহস্পতিবার রাতে শহরের পোষ্ট অফিস এলাকা থেকে তাদেরকে আটক করা হয়।

আটককৃতরা হলেন, পোষ্ট অফিস পাড়ার মৃত আনসার আলীর ছেলে হাফিজুর রহমান (৪৫), বাজার পাড়ার তাজেম আলীর ছেলে ইসরাঈল হোসেন (৩৮) ও সলেমানপুর বাজার এলাকার মোজাফফর ইসলামের ছেলে মাহাফুজুল ইসলাম (২৫)।

কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম জানান, বৃহস্পতিবার রাতে গোপন সংবাদের ভিত্তিতে শহরের পোষ্ট অফিস এলাকায় অভিযান চালানো হয়।

এসময় মাদক ব্যবসায়ী হাফিজুরের বাড়ি তল্লাশী করে কাগজে মুড়ানো অবস্থায় ১৭ পুরিয়া গাঁজাসহ ৩ জনকে আটক করা হয়।

ওসি জানান, আটককৃতদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে। শুক্রবার তাদেরকে জেল হাজতে প্রেরণ করা হয়।

কোটচাঁদপুরে নারী নির্যাতন প্রতিরোধ দিবস উপলক্ষে মানববন্ধন

“কমলা রঙের বিশ্বে নারী, বাধার পথ দিবেই পাড়ি” এই প্রতিপাদ্য নিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুরে আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ দিবস পালন করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার সকালে উপজেলা পরিষদের সামনে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের আয়োজনে এবং উপজেলা পরিষদের সহযোগীতায় নানা শ্রেণী-পেশার নারীদের অংশগ্রহণে এক মানববন্ধন

কর্মসূচী পালন করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের নেতৃত্বে এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মোছাঃ শিলা বেগমের সার্বিক তত্বাবধায়নে মানববন্ধনে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, উপজেলা কৃষি অফিসার মহাসীন আলী, মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার, ইউপি চেযারম্যান নওশের আলী, মিজানুর রহমান, আঃ হান্নান ও সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম প্রমুখ।

কালীগঞ্জে ছাত্রদলের মতবিনিময় সভা অনুষ্ঠিত

ঝিনাইদহের কালীগঞ্জে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল কালীগঞ্জ উপজেলা, পৌর ও কলেজ শাখার নবগঠিত আহ্বায়ক কমিটির নেতৃবৃন্দের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার দুপুরে মতবিনিময় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বেচ্ছাসেবক দলের কেন্দ্রীয় কমিটির সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক ঝিনাইদহ ৪ আসনের বিএনপি’র মনোনীত প্রার্থী জনাব মোঃ সাইফুল ইসলাম ফিরোজ, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কালীগঞ্জ উপজেলা বিএনপির আহবায়ক আলহাজ্ব মাহবুবর রহমান।

সভায় বক্তারা করোনা পরিস্থিতিতে ছাত্রদের পড়াশোনার দূরাবস্থা, বেকার সমস্যা সহ অনান্য বিষয় নিয়ে আলোচনা করেন।

এ সময় আরও উপস্থিত ছিলেন উপজেলা ছাত্রদলের আহবায়ক মারুফ বিল্লাহ, সদস্য সচিব মৌসুম উদ্দিন শোভন, যুগ্ম আহবায়ক আলাউদ্দিন আলা, পৌর ছাত্রদলের আহবায়ক জুয়েল রানা, সদস্য সচিব তরিকুল ইসলাম, যুগ্ম আহবায়ক আশরাফুল ইসলাম নিরব, কলেজ ছাত্রদলের সদস্য সচিব কামরুল ইসলাম, যুগ্ম আহবায়ক আলামিন হোসেন প্রমুখ।

কালীগঞ্জে স্বাস্থ্য সহকারীদের অনির্দিষ্টকালের কর্মবিরতী

বেতন বৈষম্য নিরসনের দাবিতে অনির্দিষ্টকালের কর্মবিরতী পালন করেছে ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য সহকারীরা।

গতকাল বৃহস্পতিবার সকাল থেকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসেবে তারা এ কর্মসূচী পালন করেছে।

বাংলাদেশ হেল্থ এসিস্ট্যান্ট এসোসিয়েশন, বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় পরিদর্শক সমিতি, বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় মাঠ কর্মচারী এসোসিয়েশন ও বাংলাদেশ হেল্থ ইন্সপেক্টর সেক্টোরাল এসোসিয়েশন যৌথভাবে এই কর্মসূচী পালন করছেন।

জেলা হেল্থ এসিস্ট্যান্ট এসোসিয়েশনের সাধারণ সম্পাদক ফারুক হোসেন জানান, আমরা মাতৃ ও শিশু মৃত্যুর হার কমানো, শিশুদের যক্ষা নিয়ন্ত্রণ, পোলিও মুক্ত, ম্যালেরিয়া নিয়ন্ত্রণসহ গুটি বসন্ত মুক্ত বাংলাদেশ গড়তে নিরলস কাজ করে যাচ্ছি ।

কিন্তু আমরা চাকরির শুরু থেকে অবহেলিত ও বেতন বৈষম্যের শিকার হয়ে আসছি। প্রধানমন্ত্রী ও স্বাস্থ্যমন্ত্রী আমাদের দাবি মেনে নিলেও তা বাস্তবায়ন হয়নি। তাই বাধ্য হয়ে আমরা কর্মবিরতী ঘোষণা করেছি।

ঝিনাইদহে ঐতিহাসিক কামান্না দিবসে ২৭ শহীদ বীর

মুক্তিযোদ্ধার শাহাদাৎ বার্ষিকী পালিত

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার কামান্না গ্রামে ২৭ শহীদ বীর মুক্তিযোদ্ধা ৪৯তম শাহাদাৎ দিবস পালিত হয়েছে। ১৯৭১ সালের এ দিনে পাক বাহিনী ও রাজাকাররা ২৭ জন বীর মুক্তিযোদ্ধাসহ ২৯ জনকে হত্যা করে। কামান্না গ্রামের মুক্তিযোদ্ধাদের ক্যাম্পের টিনের ঘর দুটি অবিকল সে অবস্থাতে সে দিনের স্মৃতি বহন করছে।

শহীদ মুক্তিযোদ্ধাগন হচ্ছেন, মোমিন, কাদের, শহিদুল, সোলেমান, রাজ্জাক (১), ওয়াহেদ, রিয়াত, আলমগীর, মতলেব, আলি হোসন, শরিফুল, আনিছুর, আলিমুজ্জামান, তাজুল, মনিরুজ্জামান, মাছিম, রাজ্জাক (২), কাওছার, সালেক, আজিজ, আকবর, সেলিম, হোসেন, রাশেদ, গোলজার, অধীর ও গৌর। এ সাথে শহীদ হন তাঁদের গাইড ফণি ভুষণ কুন্ডু ও রান্নার বুয়া রঙ্গবিবি।
অবস্থানগত দিক দিয়ে সুবিধাজনক হওয়ায় মুক্তিযোদ্ধাগন কামান্না গ্রামের মাধব ভুঁইয়ার বাড়িতে অস্থায়ী ক্যাম্প গড়ে তোলেন। ২৫ নভেম্বর রাতে খাবার খেয়ে মুক্তিযোদ্ধাগন ঘুমিয়ে পড়েন। ভোর রাতে বাড়িটির ঘিবে ফেলে পাকসেনা ও রাজাকাররা। তাদের গুলিতে একে একে শহীদ হন ২৭ জন বীর মুক্তিযোদ্ধা।

দিবসটি পালন উপলক্ষে শৈলকুপা উপজেলা প্রশাসন ও ২৭ শহীদ স্মৃতি সংঘ শহীদদের মাজার প্রাঙ্গনে আলোাচনা সভা ও মিলাদ মাহফিলের আয়োজন করে। প্রথমে পুষ্প স্তবক দিয়ে শ্রদ্ধা জানান মুক্তিযোদ্ধাগন। ঝিনাইদহের ভারপ্রাপ্ত জেলা প্রশাসক মোঃ সেলিম রেজার সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রতিছিলেন ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই।◌্ বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা মাগুরা জেলা আওয়ামী লীগের সভাপতি আ ফ ম আবুল ফাত্তাহ, বীর মুক্তিযোদ্ধা আব্দুর রহমান ও রহমত আলি মন্টু। বক্তরা শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে বলেন, তাঁদের আত্বত্যাগের বিনিময়ে বাংলাদেশ স্বাধীন হয়েছে। জাতি আজ শ্রদ্ধার সাথে শহীদদের স্মরণ করে। পরে শহীদদের আত্বার শান্তি কামনা করে মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়।

হরিণাকুণ্ডুতে বিজ্ঞান মেলার উদ্বোধন

‘পরিবেশ সংরক্ষণে বিজ্ঞান ও প্রযুক্তি’ এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে হরিণাকুণ্ডু উপজেলা প্রশাসনের উদ্যোগে ৪২তম জাতীয় বিজ্ঞান মেলা, বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্বোধন করা হয়েছে।

গতকাল বুধবার সকালে উপজেলা পরিষদ চত্তরে উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানা আনুষ্ঠানিক ভাবে এ মেলার উদ্বোধন ঘোষণা করেন। এ সময় থানা অফিসার ইনচার্জ আব্দুর রহিম মোল্লাসহ উপজেলার বিভিন্ন দপ্তর প্রধানগণ উপস্থিত ছিলেন।

উদ্বোধনের পর মেলায় অংশ গ্রহণকারী ১৩টি স্টল পরিদর্শন শেষে উপজেলা মিলনায়তনে উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানা’র সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় বক্তব্য রাখেন উপজেলা কৃষি কর্মকর্তা হাফিজ হাসান, অধ্যক্ষ শরিফুল ইসলাম, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জামাল হোসেন, মাধ্যমিক শিক্ষা অফিসার ফজলুল হক, প্রেসক্লাব সভাপতি এম সাইফুজ্জামান তাজু।

যুব উন্নয়ন কর্মকর্তা বিল্লাল হোসেনের সঞ্চালনায় উক্ত আলোচনা সভায় উপজেলার বিভিন্ন দপ্তর প্রধানগণ ছাড়া শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান ও শিক্ষার্থীরা উপস্থিত ছিল।

কালীগঞ্জে গণপরিবহণে নেই ‘নো মাস্ক নো সার্ভিস’ নীতি

সারাদেশের ন্যয় কালীগঞ্জেও ‘নো মাস্ক নো সার্ভিস’ প্রচারণা থাকলেও বাস্তবায়নে কোন তোড়জোড় চোখে পড়ছে না। উপজেলায় গণপরিবহণ চলাচলে স্বাস্থ্যবিধির কোন বালাই নেই। রাস্তা ঘাট, হাট বাজার ও গণপরিবহণে মাস্ক ছাড়াই অবাধে চলাচল করছে মানুষ।

স্বাস্থ্য সচেতনদের দাবি প্রশাসনের ভ্রাম্যমাণ আদালত মাস্ক ব্যবহারের জরিমানা ও সাজা প্রদান কমে আসায় মানুষের মধ্যে মাস্ক ব্যবহারের অনিহা দেখা দিয়েছে।মাস্ক ছাড়া যে কোন সেবা প্রদান করা থেকে বিরত থাকার কথা থাকলেও গণপরিবহণে এর কোন বালাই নেই, যাত্রীরা মাস্ক ছাড়াই উঠছে গণপরিবহণে। এছাড়া অধিকাংশ গাড়ি চালকদের মুখেও নেই মাস্ক। দাঁড়িয়ে যাত্রী নেওয়া নিষেধ থাকলেও তা মানছে না চালকরা এবং বাসে উঠার আগে জীবাণুনাশক দিয়ে হাত পরিষ্কার করার শর্তও মানছে না তারা।

সাগর নামের এক যাত্রী বলেন, বাড়ি থেকে মাস্ক আনতে ভুলে গেছি আর এখন তো করোনায় মানুষ মরে না অযথা কেন মুখ আটকিয়ে রাখবো। যারা বেশি সচেতন তাদের এ রোগে আক্রান্ত হয় বলেও তিনি মন্তব্য করেন।

অনেক যাত্রী মন্তব্য করেন, তারা প্রতিনিয়ত মাস্ক ব্যবহার করেন তবে এখন নিশ্বাস নিতে কষ্ট হওয়ায় খুলে রাখছে।

শাপলা পরিবহনের এক হেলপার বলেন, সকাল বেলায় মাস্ক নিয়ে বের হয়েছিলাম কিন্তু কোথায় যেন পড়ে গেছে মনে নেই। গাড়িতে দাঁড়িয়ে যাত্রী নেওয়া নিষেধ এমন প্রশ্নে তিনি বলেন, আমাদের ছোট গাড়ি অতিরিক্ত যাত্রী না নিলে তেলের টাকা উঠে না। কত দিন পর পর গাড়ি জীবাণুনাশক ঔষধ দিয়ে স্প্রে করেন এমন প্রশ্নে তিনি হেসে দিয়ে বলেন, এটা আবার কি কন গাড়িতে আবার কিসের জীবানু।

পূর্বাশা পরিবহনের নাম প্রকাশে অনিচ্ছুক এক চালক বলেন, গাড়িতে অধিকাংশ যাত্রীর মুখে মাস্ক নেই আমরা ছোট কাজ করি যাত্রীদের মাস্ক ব্যবহারের কথা বললে মারধর করতে আসে। ‘নো মাস্ক নো র্সাভসি’এ কথাটি আমিও শুনেছি তবে আমরা-তো গরিব মানুষ যাত্রী না উঠলে গাড়ি চলবে না আর গাড়ি না চললে না খেয়ে মরতে হবে সেই জন্য করোনার ঝুঁকি নিয়েই গাড়ি চালাচ্ছি।

কালীগঞ্জ উপজেলা প্রশাসন থেকে প্রতিনিয়ত মাস্ক ব্যবহারের জন্য মানুষকে সচেতন করা হচ্ছে এবং মাঝে মাঝে নির্বাহী ম্যাজিস্ট্রেটরা ভ্রাম্যমাণ আদালত অভিযান করছে, তারপরও এ বিষয়ে সাধারন মানুষের মাস্ক ব্যবহার নিয়ে আগ্রহ পাওয়া যাচ্ছে না, করোনার ২য় ধাক্কা মোকাবিলায় যা খারাপ একটি ইঙ্গিত বহন করছে করছে বলে কালীগঞ্জের সচেতন মহলের মনোভাব।

কোটচাঁদপুরে বদর উদ্দিন (বুদো) হত্যার ৭ দিন পার হলেও গ্রেফতার হয়নি আসামী

ভিটে-মাটি উচ্ছেদ ও স্ব-পরিবারে হত্যার হুমকী-ধামকী আসামী পক্ষের ,ঝিনাইদহের কোটচাঁদপুরে বদর উদ্দিন (বুদো) হত্যার ৭ দিন পার হলেও গ্রেফতার হয়নি আসামীদের কেউ । মামলা করায় বাদীর পক্ষের ভিটে-মাটি উচ্ছেদ ও স্ব-পরিবারে হত্যার হুমকী-ধামকী অব্যহত রেখেছেন আসামী পক্ষ।

গেল ১৯ নভেম্বর ধান ঝাড়াকে কেন্দ্র করে প্রতিপক্ষের লাথির আঘাতে মারা যায় বুদো (৬৩)। বিষয়টি নিয়ে মৃতের ছেলে মনিরুল ইসলাম বাদী হয়ে কোটচাঁদপুর থানায় গেল ২০-১১-২০ তারিখে ৫ জনের নামে মামলা করেন।বিষয়টি নিয়ে কথা হয় মৃতের ছেলে আনারুল ইসলামের সঙ্গে তিনি বলেন,মামলা করার পর থেকে আসামী পক্ষের স্বজনরা আমাদের ভিটে-মাটি উচ্ছেদ করে দেবে। মেরে ফেলবে আমাদের সবাইকে। এ ভাবে হুমকী-ধামকী অব্যহত রেখেছেন। আনারুল বলেন,গেল ২৪ তারিখে কোটচাঁদপুর সার্কেলের পুলিশ সুপার মোহাইমুনুল ইসলাম বাড়িতে এসেছিল।খোজ খবর নেন। আসামী গ্রেফতারের আশ্বাসও দিয়েছেন তিনি।

কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলমের সঙ্গে কথা হলে তিনি বলেন, আসামী এখনও কেউ ধরা পড়েনি।

নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ

উদযাপন উপলক্ষে ঝিনাইদহে মানববন্ধন

‘কমলা রঙের বিশ্বে নারী, বাধার পথ দেবেই পাড়ি’ প্রতিপাদ্য নিয়ে ঝিনাইদহে ২৫নভেম্বর শুরু হয়ে আগামী ১০ ডিসেম্বর পর্যন্ত নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ উৎযাপন উপলক্ষে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। আজ সকালে শহরের পায়রা চত্তরে জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের আয়োজনে ঘন্টাব্যাপী মানববন্ধন অনুষ্ঠিত হয়। এসময় মহিলা বিষয়ক অধিদপ্তরের কর্মকর্তা সহ বিভিন্ন মানবাধিকার সংস্থার কর্মীরা উপস্থিত ছিলেন।

মানববন্ধনে বক্তারা বলেন, প্রতিটি নারীই কারো মা, কারো বোন। তাই তাদের প্রতি কোন নির্যাতন করা যাবে না। এ ব্যাপারে সকলকে সচেতন থাকতে হবে। পাশাপাশি যদি কেউ এ ধরনের অপরাধের সাথে জড়িয়ে পড়ে তাহলে সেই ব্যক্তিকে আইনের আওতায় এনে কঠোর শাস্তি নিশ্চিতে প্রশাসনের কাছে দাবি জানান তারা।

দারিদ্রতা জয় করা ১৫ নারীকে সম্মাননা

দারিদ্রের সাথে যুদ্ধ করেই শৈশব আর কৈশর পার করেছে তারা। শৈশব কৈশরের প্রতিটা দিন কাটাতে হয়েছে খেয়ে না খেয়ে। অভাবের সংসারের স্বাস্থ্যসেবা আর শিক্ষা ছিল সোনার হরিণের মতোই। ফলে অভাব অনটনের মধ্যে খুব অল্প বয়সে বিয়ের পিড়িতে বসতে হয়েছে তাদের। তারপরও তাদের সবার চোখেই স্বপ্ন ছিল স্বামীর সংসারে হয়ত সুখের দেখা মিলবে। স্বামীর সংসারে গিয়েও আবার যুদ্ধ সেই দারিদ্রের সাথে। কিন্তু তারা এ যুদ্ধে কেউ হেরে যায়নি। যুদ্ধ জয় করে তারা এখন সবাই স্বাবলম্বী। প্রায় একই রকম গল্প ছিল সবারই। এরকম ১৫ ক্ষুধা জয়ীকে খুঁজে বের করেছে হাঙ্গার ফ্রি ওয়ার্ল্ড নামের একটি সংগঠন। এদের সবার বাড়ি ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার বিভিন্ন গ্রামে। তারা বিভিন্ন ক্ষেত্রে টেকসই উন্নয়ন, জৈব চাষ,

আত্মকর্মসংস্থান সৃষ্টি, পরিবেশ সুরক্ষা, নারীর ক্ষমতায়ন, যুব উন্নয়ন তথা আর্থ সামাজিক উন্নয়ন এবং ক্ষুধা ও দারিদ্র অবসানে অবদান রেখে চলেছে। ক্ষুধামুক্ত ও দারিদ্রমুক্ত সমাজ বিনির্মাণে এসব নারীদের সম্মননা প্রদান করবে জাপান ভিত্তিক স্বেচ্ছাসেবী সংস্থা হাঙ্গার ফ্রি ওয়ার্ল্ড। বুধবার (২৫ নভেম্বর) আনুষ্ঠানিকভাবে জেলার কালীগঞ্জ শহরের বলিদাপাস্থ সংগঠনের নিজস্ব কার্যালয়ে সম্মাননা স্বরুপ ক্রেস্ট ও নগদ অর্থ তাদের হাতে তুলে দেওয়া হয়। স্বেচ্ছাসেবী সংস্থা হাঙ্গার ফ্রি ওয়ার্ল্ড প্রতিবছর সমাজের বিভিন্ন ভাবে অবদান রাখায় সম্মাননা স্বরুপ এই পুরস্কার প্রদান করে থাকে। এবার শত বাধা পেরিয়ে ক্ষুধাকে জয় করার জন্য কালীগঞ্জ উপজেলার নিয়ামতপুরের রেনুকা আক্তার, মস্তবাপুরের মারুফা খাতুন ও তহমিনা বেগম, অনুপমপুরের মুন্নি ও জোসনা বেগম, মহেশ্বরচাদার মঞ্জুরা রানী, মল্লিকপুরের স্বপ্না খাতুন ও রুপভান বেগম, আগমুন্দিয়ার ফারহানা বেগম, বলরামপুরের আসমানি দেবনাথ ও রেকসনা বেগম, ভোলপাড়ার ফাতেমা বেগম, হরিগোবিন্দপুরের আসমা বেগম এবং আড়ুয়াশলুয়ার রিজিয়া ও রিনা বেগমকে নির্বাচিত করে সম্মাননা দেওয়া হয়।